# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০৯ মার্চ'২০২৩খ্রি.

## সেবা সংস্থাগুলোর সমন্বয়ের অভাবে ব্যাহত হচ্ছে চট্টগ্রামের উন্নয়নঃ মেয়র

সেবা সংস্থাগুলোর সমন্বয়ের অভাবে চট্টগ্রামের উন্নয়নে চলমান ব্যাপক কার্যক্রম ব্যাহত হচ্ছে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।
বৃহস্পতিবার চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভায় মেয়র বলেন, চট্টগ্রামে জলাবদ্ধতা, মশার উপদ্রব, যানজটসহ সব সমস্যা সমাধানের ক্ষেত্রে বড় বাধা হয়ে দাড়িয়েছে সেবা সংস্থাগুলোর মধ্যে সমন্বয়ের অভাব। সিডিএ জলাবদ্ধতা নিরসণসহ যে প্রকল্পগুলো করছে তা দ্রুত শেষ না হওয়ায় একদিকে যানজট বাড়ছে অন্যদিকে প্রকল্পগুলোতে জমে থাকা পানিতে বাড়ছে মশা। আবার, ওয়াসা হাটহাজারি সড়কসহ যত্রতত্র খনন করে রাস্তা নষ্ট করে ফেলছে। অন্যদিকে চসিক উচ্ছেদ অভিযান পরিচালনা করার পর পুলিশ সেখানে মনিটরিং না করায় আবারো দখল হয়ে যাচ্ছে উদ্ধারকৃত ভূমি।

"সম্প্রতি কোরিয়া ভ্রমণ করে দেখেছি সেখানে নগরীর মেয়র সিটি গভর্নমেন্টের সর্বেসর্বা হওয়ায় সেবা সংস্থাগুলোর কাজে সমন্বয় আছে। ফলে, উন্নয়ন প্রকল্পের সর্বোচ্চ সুফল ঘরে তুলতে পারছে তারা। চট্টগ্রামেও যদি সিটি কর্পোরেশনকে এভাবে শক্তিশালী করা যায় তাহলে উন্নয়ন প্রকল্পগুলোর সর্বোচ্চ সুফল ঘরে তোলা সম্ভব।"

উন্নয়ন কার্যক্রমে গণমাধ্যমের মতামতকে প্রাধান্য দেন জানিয়ে মেয়র বলেন, আমার দিন শুরু হয় সংবাদপত্র পড়ে। কোন গণমাধ্যম আমার সমালোচনা করলেও আমি সে সমালোচনা থেকে শিখে নিজেকে উন্নত করার চেষ্টা করি। এমনকি মিডিয়ায় প্রকাশিত অনেক সংবাদের প্রেক্ষিতে অনেকের বিরুদ্ধে পদক্ষেপ নিয়েছি। আমি চট্টগ্রামের উন্নয়নে সাংবাদিকদের সহায়তা চাই।

চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের নেতৃবৃন্দ বলেন, একজন বীর মুক্তিযোদ্ধা চট্টগ্রামের মেয়র হওয়ায় আমরা আনন্দিত। জলাবদ্ধতা, যানজট, পয়:নিস্কাষণ, মশাসহ যেসব সমস্যা আছে তা গণমাধ্যম তুলে ধরছে। এ সমস্যাগুলোর দ্রুত সমাধানে মেয়র কাজ করবেন বলে আমরা প্রত্যাশা করি।

এসময় চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের (সিইউজে) পক্ষে উপস্থিত ছিলেন সভাপতি তপন চক্রবর্তী, সাধারণ সম্পাদক ম. শামসুল ইসলাম,সিনিয়র সহ-সভাপতি রুবেল খান, সহ-সভাপতি অনিন্দ্য টিটো, যুগ্ম সম্পাদক সাইদুল ইসলাম, অর্থ সম্পাদক মুজাহিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মহরম হোসাইন, প্রচার ও প্রকাশনা সম্পাদক সরওয়ার কামাল এবং নির্বাহী সদস্য আলাউদ্দিন হোসেন দুলাল। চসিকের পক্ষে উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, কাজী নুরুল আমিন, মো. আবদুস সালাম মাসুম, সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম, জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদ।

## চট্টগ্রামে নগরীতে কোন কাঁচা সড়ক থাকবেনাঃ চসিক মেয়র

আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন হলে চট্টগ্রামের ওয়ার্ড পর্যায়েও কোন কাঁচা সড়ক থাকবেনা বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার এডিপি প্রকল্পের আওতায় বাস্তবায়নকৃত ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ডস্থ সিডিএ আবাসিক এলাকায় ২০নং সড়কে মহেশখালের উপর ব্রীজ নির্মাণের উদ্বোধনকালে মেয়র এ মন্তব্য করেন।

এসময় মেয়র বলেন, উন্নত নগরী নির্মাণের পূর্বশর্ত হলো উন্নত সড়ক। মাননীয় প্রধানমন্ত্রী চট্টগ্রামবাসীকে উপহার হিসেবে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বরাদ্দ দিয়েছেন যার সব টাকাই সরকার প্রদান করবে।

"আড়াই হাজার কোটি টাকার প্রকল্পসহ চলমান সবগুলো প্রকল্প বাস্তবায়িত হলে চট্টগ্রামের এমনকি ওয়ার্ড পর্যায়েও কোন কাঁচা সড়ক থাকবেনা। উন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে ভবিষ্যতে চট্টগ্রামে আন্তর্জাতিক বড় বড় বিনিয়োগ আসবে। ফলে, একদিকে চট্টগ্রামের বেকারত্বের সমস্যার সমাধান হবে অন্যদিকে চট্টগ্রাম হয়ে উঠবে বিশ্বের বাণিজ্যিক হাব।"

এসময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আফরোজা জহুর, কাউন্সিলর মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ , নির্বাহী প্রকৌশলী আনোয়ার জাহান, এ টি এম সেলিম রেজা সহ চসিকের কর্মকর্তাবৃন্দ ও এলাকার সর্বস্তরের নেতৃবৃন্দ।

ঈদ ফেস্টিভাল উদ্বোধন অনুষ্ঠানে মেয়র

**নারীদের অবজ্ঞা করে উন্নয়ন অসম্ভব**

নারীসমাজের উন্নয়ন ছাড়া রাষ্ট্রের উন্নয়ন অসম্ভব মন্তব্য করে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নারী সমাজ বর্তমানে ঘরে বসে নেই। অফিস-আদালত ব্যবসা-বাণিজ্য সবক্ষেত্রে তাদের অবস্থান সুসংহত করেছে। পড়ালেখায়ও তারা ছাত্রদের তুলনায় এগিয়ে আছে। এক সময়ের অবলা নারীরা আজ রেডিসন ব্লু পাঁচতারা হোটেলের একটি মিলনায়তনে ঈদ ফেস্টিভাল উদযাপন করাটা গৌরবের বিষয়। নারী সমাজকে অবজ্ঞা করে রাষ্টের উন্নয়ন সম্ভব নয়। এই নারী সমাজকে কোন অবস্থায় অবজ্ঞা করা যাবে না। চট্টগ্রামের যে কোন উন্মুক্ত স্থানে, মাঠে-ময়দানে নারীরা এধরনের উদ্যোগ নিলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সবসময় তাদের পাশে থাকবে এবং মেলা আয়োজনকারীদের সাধুবাদ জানান। তিনি আজ বিকেলে রেডিসন ব্লু হোটেল মিলনায়তনে ঈদ শপিং ফেস্টিভাল উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।
এতে বিশেষ অতিথি ছিলেন প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর আব্দুল বারেক, অধ্যাপক মাসুম চৌধুরী, পাঁচলাইশ ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আবু সৈয়দ, মানজুমা মোর্শেদ সিও এম এন্ড এম বিজনেস কমিউনিশেন আয়োজনে এ মেলা।
মেয়র আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি সেবাধর্মী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি আলোকায়ন, পরিছন্নতা এবং রাস্তাঘাট সংস্কারের নির্দিষ্ট কর্মপরিধির বাইরেও অতি জনগুরুত্বপূর্ণ সেবা হিসেবে শিক্ষা ও স্বাস্থ্য খাতকে অন্তর্ভুক্ত করে সেবা প্রদান করা হচ্ছে। সিটি কর্পোরেশন নারীদের অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮